# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ২৮৯১

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৭. তৃতীয় অনুচ্ছেদ - অগ্রিম বিক্রয় করা এবং বন্ধক রাখা

### আরবী

عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ أَسْلَفَ فِي شَيْءٍ فَلَا يَصْرِفْهُ إِلَى غَيْرِهِ قَبْلَ أَنْ يَقْبِضَهُ» . رَوَاهُ أَبُو دَاوُدَ وَابْنُ مَاجَهْ

### বাংলা

২৮৯১-[৯] আবূ সা’ঈদ আল খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে লোক কোনো দ্রব্য অগ্রিম ক্রয় করেছে, সে ঐ দ্রব্য স্বীয় হস্তে আসার পূর্বে অপরের নিকট হস্তান্তর করতে পারবে না। (আবূ দাঊদ ও ইবনু মাজাহ)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাঊদ ৩৪৬৮, ইবনু মাজাহ ২২৮৩, ইরওয়া ১৩৭৫, য‘ঈফ আল জামি‘ ৫৪১৪। কারণ এর সনদে আত্বিয়্যাহ্ আল আওফী একজন দুর্বল ও মুদাল্লিস রাবী।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68218

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন